

পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ অষ্টম অধ্যায় - অযৌক্তিকতা ও অশালীনতা রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৮. ১. ১২. জোরপূর্বক বিবাহ? ধর্ষণ? অথবা ব্যভিচার?

বাইবেল এ কথা নিশ্চিত করে যে, পারিবারিক, সামাজিক বা বিচারিক কর্মে নারীর কোনো বক্তব্য নেই। বিবাহও একইরূপ। এক্ষেত্রে নারীর কোনো মতামত বিচার্য নয়। বাইবেলে এ জাতীয় বিভিন্ন বিধান বিদ্যমান। একটা বিধান স্বামীর মৃত্যুর পরে দেবরের সাথে 'শয়ন' করা অথবা দেবরকে বিবাহ করার বাধ্যবাধকতা। এক্ষেত্রে দেবরের অধিকার আছে ভিন্নমত প্রকাশের, তবে ভাবির এক্ষেত্রে কোনোই বক্তব্য বা মত প্রদানের অধিকার নেই।

কারো ভাই মৃত্যুবরণ করলে জীবিত ভাইয়ের দায়িত্ব, ভাবির সাথে সহবাস করে তাকে সন্তান প্রদান করতে হবে। কোনো কোনো অনুবাদে মৃতভাইয়ের স্ত্রীর সাথে বাধ্যতামূলক 'সহবাস' করাকে 'বিবাহ' করা বলে উল্লেখ করা হহয়েছে। তবে এ বিধান ভাইয়ের পক্ষ থেকে ভাবীকে সন্তান উপহার দেওয়ার জন্য 'শয়ন করা' মাত্র। সন্তান তার মৃত ভাইয়ের সন্তান বলেই গণ্য হবে।

আমরা দেখেছি যে, যাকোবের ছেলে এহুদার পরিবারে এরূপ হয়েছিল। বড় ছেলে 'এর' মৃত্যুবরণ করলে মেজ ছেলে ওননকে এহুদা আদেশ করেন ভাবির সাথে শয়ন করে দেবরের দায়িত্ব পালন করা ও তাকে সন্তান উপহার দেওয়া। ওনন যখন দেখলেন যে, কষ্ট করে সন্তান দেবেন তিনি, কিন্তু সন্তান তার পরিচয়় পাবে না; বরং তার মৃত ভাইয়ের সন্তান হিসেবেই গণ্য হবে, তখন তিনি ভাবির সাথে সহবাসের পর মাটিতে বীর্যপাত করেন। এ অপরাধে ঈশ্বর তাকে হত্যা করেন। (আদিপুন্তক ৩৮/৮-৯) আমরা ইতোপূর্বে ঘটনাটা আলোচনা করেছি। বাইবেলের কোনো কোনো সংস্করণে একে বিবাহ বলা হলেও অধিকাংশ সংস্করণে একে শুধু গমন বা শয়ন বলা হয়েছে: রিভাইজড স্টান্ডার্ড ভার্শন: (Go in to your brother's wife, and perform the duty of a brother-in-law to her, and raise up offspring for your brother) "তুমি তোমার ভাইয়ের স্ত্রীর নিকট গমন কর এবং তার প্রতি দেবরের দায়িত্ব পালন কর, এবং তোমার ভাইয়ের জন্য বংশ উৎপন্ন কর।"।

কমপিমট জুইশ বাইবেল (CJB: Complete Jewish Bible): "Go and sleep with your brother's wife — perform the duty of a husband's brother to her, and preserve your brother's line of descent." "তুমি তোমার ভাইয়ের স্ত্রীর নিকট গমন কর এবং তার সাথে শয়ন কর এবং তার প্রতি দেবরের দায়িত্ব পালন কর, এবং তোমার ভাইয়ের বংশ রক্ষা কর।"

এক্সপানডেড বাইবেল (EXB: Expanded Bible): "Go and have sexual relations with your dead brother's wife. It is your duty to provide children for your brother in this way" "তুমি তোমার মৃত ভাইয়ের স্ত্রীর নিকট গমন কর এবং তার সাথে সহবাস কর। এভাবে তোমার ভাইয়ের জন্য সন্তান সরবরাহ করা তোমারই দায়িত্ব।"

বাংলায় কেরি: "তুমি আপন ভ্রাতার স্ত্রীর নিকট গমন কর, ও তাহার প্রতি দেবরের কর্তব্য সাধন করিয়া নিজ ভ্রাতার জন্য বংশ উৎপন্ন কর।"



জুবিলী: "তুমি তোমার ভাইয়ের স্ত্রীর সাথে মিলিত হও, ও দেবর হিসাবে যা কর্তব্য তার প্রতি তা সাধন করে তোমার আপন ভাইয়ের জন্য বংশ রক্ষা কর।"

কি. মো.-০৬: "তোমার ভাইয়ের বিধবা স্ত্রীকে তুমি বিয়ে কর। তার দেবর হিসাবে তোমার যা করা উচিত তা কর এবং তোমার ভাইয়ের হয়ে তার বংশ রক্ষা কর।" কি. মো.-১৩: "তুমি তোমার ভাইয়ের স্ত্রীর কাছে গমন করো ও তার প্রতি দেবরের কর্তব্য সাধন করে নিজের ভাইয়ের জন্য বংশ উৎপন্ন কর।"

বাইবেল আরো বলছে: "ভাইয়েরা এক পরিবার হয়ে বাস করবার সময়ে যদি এক ভাই ছেলে না রেখে মারা যায়, তবে তার বিধবা স্ত্রী পরিবারের বাইরে আর কাউকে বিয়ে করতে পারবে না। তার স্বামীর ভাই তাকে বিয়ে করবে এবং তার প্রতি স্বামীর ভাইয়ের যে কর্তব্য তা পালন করবে। তাহলে তার যে প্রথম ছেলে হবে সে সেই মৃত ভাইয়ের নাম রক্ষা করবে আর সেই ভাইয়ের নাম বিন-ইসরাইলদের মধ্য থেকে মুছে যাবে না। কিন্তু সে যদি ভাইয়ের স্ত্রীকে বিয়ে করতে না চায় তবে সেই স্ত্রী গ্রাম বা শহরের সদর দরজায় বৃদ্ধ নেতাদের কাছে গিয়ে বলবে, 'আমার স্বামীর ভাই বিন-ইসরাইলদের মধ্যে তার ভাইয়ের নাম রক্ষা করতে রাজী নয়। আমার প্রতি তার যে কর্তব্য তা সে পালন করতে চায় না।' তখন সেখানকার বৃদ্ধ লোকেরা সেই লোকটিকে ডেকে বুঝাবেন। এরপরেও সে যদি বলতে থাকে যে, সে তাকে বিয়ে করতে রাজী নয়, তবে তার ভাইয়ের স্ত্রী বৃদ্ধ নেতাদের সামনেই লোকটির কাছে গিয়ে তার পা থেকে এক পাটি জুতা খুলে নেবে এবং তার মুখে থুথু দিয়ে বলবে, 'ভাইয়ের বংশ যে রক্ষা করতে চায় না তার প্রতি এ-ই করা হয়।' (দ্বিতীয় বিবরণ ২৫/৫-৯)

পাঠক, একে বিবাহ বা ধর্ষণ যা-ই বলুন না কেন, এক্ষেত্রে বিধবা মহিলার দ্বিমত প্রকাশের কোনোই সুযোগ নেই।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14442

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন